প্রকাশনার ৩৭ বছর

দৈনিক রূপসী বাংলা

THE DAILY RUPASHI BANGLA

বৃহস্পতিবার, ১৬ অক্টোবর ২০০৮ইং, ১ কার্তিক ১৪১৫

প্রধান অফিস: আবদুর রশিদ সড়ক, বাগিচাগাঁও, কুমিল্লা। ফোন: ০৮১-৭৬৬৮৯, ৬৯৯০০

তারিখ 16 OCT 2008

পৃঃ ২ ক ৭

# বুড়িচংয়ে শিক্ষা জরিপ কার্যক্রম উদ্বোধন

বুড়িচং প্রতিনিধি

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (বেনবেইস) উদ্যোগে গতকাল বুধবার ১৫ অক্টোবর থেকে সারাদেশে শুরু হয়েছে মাসব্যাপী জাতীয় শিক্ষা জরিপের (পোষ্ট প্রাইমারী) কাজ। দেশের প্রায় ৩৪০০০ অনুমোদিত স্কুল, কলেজ, মাদ্রাসা, পলিটেকনিক ইনষ্টিটিউট, মেডিকেল কলেজ, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার সরকারী-বেসরকারী বিশ্ববিদ্যালয়ে এ জরিপ কার্যক্রম চলবে।

গতকাল বুধবার কুমিল্লার বুড়িচং উপজেলা পরিষদ মিলনায়তনে জাতীয় শিক্ষা জরিপ কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন ব্যানবেইসের পরিচালক আহসান আবদুল্লাহ। বুড়িচং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ বেলায়েত হোসেনের সভাপতিত্বে জাতীয় শিক্ষা জরিপ ২০০৮ এর উদ্বোধনী সভায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন কুমিল্লা জেলা শিক্ষা অফিসার মোঃ আবদুর রশিদ সরকার, ব্যানবেইসের সিনিয়র সিষ্টেম এনালিষ্ট ছিদ্দিকুর রহমান ও পরিসংখ্যান অফিসার এসএম আলমগীর। *শেষের পাতায় দেখুন*